**বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান**

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।

www.bksp.gov.bd

# ভর্তি বিজ্ঞপ্তি-২০২৪

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) তে ক্রীড়া মেধা সম্পন্ন খেলোয়াড়দের সাধারণ শিক্ষাসহ ক্রীড়া ক্ষেত্রে দীর্ঘ মেয়াদী বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় সৃষ্টির লক্ষ্যে ২০২৪ শিক্ষাবর্ষে নিয়মিত প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। এমতাবস্থায়, নিম্নবর্ণিত দিন, তারিখ ও স্থানসমূহে সকাল ০৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত প্রাথমিক নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হবে। **ভর্তি ফরম অনলাইনে পূরণ করতে হবে।**

## প্রাথমিক নির্বাচনের সময়সূচি

### বিভাগ ভিত্তিক তারিখ বার ও পরীক্ষা কেন্দ্রসমূহ

**ক) রংপুর বিভাগ**
০৩-০৪ডিসেম্বর-২০২৩ (রবি ও সোমবার)
**পরীক্ষা কেন্দ্র:** বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বাশেঁরহাট, দিনাজপুর।
মোবাইল নং: ০১৫৫০-৭০০১২১

**খ) রাজশাহী বিভাগ**
০৬ডিসেম্বর-২০২৩ (বুধবার)
**পরীক্ষা কেন্দ্র:** বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, অভয়েরমোড়, ফুতকিপাড়া, পবা, রাজশাহী।
মোবাইল নং: ০১৭০৯-৩৩০০৮৪

**গ) ময়মনসিংহ বিভাগ**
০৭ ডিসেম্বর-২০২৩ (বৃহস্পতিবার)
**পরীক্ষা কেন্দ্র:** রফিক উদ্দিন ভূইয়া স্টেডিয়াম, ময়মনসিংহ।
মোবাইল নং: ০২২২৭৭৮৯২১৫-৬,

**ঘ) সিলেট বিভাগ**
০৯ ডিসেম্বর-২০২৩ (শনিবার)
**পরীক্ষা কেন্দ্র:**বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কল্লগ্রাম, বাইপাস, খাদিমনগর, সিলেট।
মোবাইল নং: ০১৫৫০-৭০০১৩০,

**ঙ) চট্টগ্রাম বিভাগ**
১১ডিসেম্বর-২০২৩ (সোমবার)
**পরীক্ষা কেন্দ্র:** বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সাগরিকা রোড, চট্টগ্রাম
মোবাইল নং: ০১৫৫০-৭০০১৩৩

**চ) বরিশাল বিভাগ**
১৩ ডিসেম্বর-২০২৩ (বৃধবার)
**পরীক্ষা কেন্দ্র:** বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, গরিয়ারপাড়, বরিশাল।
মোবাইলনং: ০১৫৫০-৭০০১২৭

**ছ) খুলনা বিভাগ**
১৪-১৫ ডিস্বেম্বর-২০২৩ (বৃহস্পতি ও শুক্রবার)
**পরীক্ষা কেন্দ্র:** বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, আফিলগেট, আটরা, খুলনা।
মোবাইলনং: ০১৫৫০-৭০০১২৪

**জ) ঢাকা বিভাগ**
১৭-১৮ডিসেম্বর-২০২৩ (রবিবার ও সোমবার)
**পরীক্ষা কেন্দ্র:** বিকেএসপি, জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।
মোবাইল নং: ০২২২৭৭৮৯২১৫-৬

| খেলার নাম | বয়স | ন্যূনতম উচ্চতা | | ভর্তির শ্রেণি |
|---|---|---|---|---|
| | | ছেলে | মেয়ে | |
| ১। ক্রিকেট | ১২-১৪ | ৫′-০″ | ৪′-১০″ | ৬ষ্ঠ-৭ম |
| ২। ফুটবল | ১১-১৪ | ৫′-০″ | ৪′-১০″ | ৫ম-৭ম |
| ৩। এ্যাথলেটিক্স | ১২-১৪ | ৫′-১″ | ৪′-১০″ | ৬ষ্ঠ-৭ম |
| ৪। আর্চারি | ১২-১৪ | ৫′-০″ | ৪′-১০″ | ৬ষ্ঠ-৭ম |
| ৫। সাঁতার ও ডাইভিং | ১০-১৪ | ৪′-৮″ | ৪′-৭″ | ৪র্থ-৭ম |
| ৬। কারাতে | ১২-১৪ | ৪′-১০″ | - | ৬ষ্ঠ-৭ম |
| ৭। কাবাডি | ১২-১৪ | ৫′-০″ | - | ৬ষ্ঠ-৭ম |
| ৮। বক্সিং | ১২-১৩ | ৪′-৮″ | - | ৪র্থ-৬ষ্ঠ |
| ৯। জুডো | ১২-১৪ | ৫′-০″ | ৪′-৯″ | ৬ষ্ঠ-৭ম |
| ১০। উশু | ১২-১৪ | ৪′-১০″ | ৪′-৯″ | ৬ষ্ঠ-৭ম |
| ১১। জিমন্যাস্টিক্স | ১০-১২ | ৪′-৮″ | ৪′-৭″ | ৪র্থ-৫ম |
| ১২। বাস্কেটবল | ১৩-১৬ | ৫′-১০″ | - | ৭ম-৯ম |
| ১৩। টেনিস | ১১-১৩ | ৪′-৮″ | ৪′-৭″ | ৪র্থ-৬ষ্ঠ |
| ১৪। হকি | ১২-১৪ | ৫′-১″ | ৪′-১০″ | ৬ষ্ঠ-৭ম |
| ১৫। ভলিবল | ১৩-১৬ | ৫′-১০″ | - | ৭ম-৯ম |
| ১৬। তায়কোয়ানডো | ১২-১৪ | ৪′-১০″ | - | ৬ষ্ঠ-৭ম |
| ১৭। শ্যুটিং | ১২-১৪ | ৫′-০″ | ৪′-১০″ | ৬ষ্ঠ-৭ম |
| ১৮। টেবিল টেনিস | ১০-১৩ | ৪′-৮″ | ৪′-৮″ | ৪র্থ-৬ষ্ঠ |
| ১৯। স্কোয়াশ | ১২-১৪ | ৪′-১০″ | - | ৬ষ্ঠ-৭ম |
| ২০। ভারোত্তোলন | ১২-১৪ | ৪′-১০″ | - | ৬ষ্ঠ-৭ম |
| ২১। ব্যাডমিন্টন | ১২-১৪ | ৫′-০০″ | - | ৬ষ্ঠ-৭ম |

❖ **বিশেষ ক্রীড়া মেধা সম্পন্ন খেলোয়াড়দের জন্য বয়স, শ্রেণি ও উচ্চতা শিথিল যোগ্য।**

**অনলাইনে আবেদন করার পদ্ধতি:** সকল ভর্তিচ্ছু প্রশিক্ষণার্থীদেরকে ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের পূর্বে নিম্নের প্রক্রিয়ায় অনলাইনে ফরম পূরণ করতে হবে।

**bkspds.gov.bd > applicant registration > Apply >(Form Fill up with required information)> Submit**

**প্রাথমিক নির্বাচন:**

১. প্রাথমিক নির্বাচনের দিনে প্রশিক্ষণার্থীকে অনলাইনে পূরণকৃত নিবন্ধন ফরমের প্রিন্ট কপি এবং পরীক্ষার ফি বাবদ অনলাইনে অথবা নগদ ২০০/- (দুইশত) টাকা পরীক্ষা কেন্দ্রে জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
২. প্রাথমিক নির্বাচনের সময় ডাক্তারি ও শারীরিক যোগ্যতার পরীক্ষা গ্রহণ করা হবে।
৩. প্রাথমিক নির্বাচনের দিন স্ব-স্ব খেলা অনুযায়ী ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সবাইকে স্ব-স্ব খেলার ক্রীড়া সরঞ্জামাদি ও পোশাকাদি সাথে আনতে হবে।
৪. একজন প্রার্থী (জন্ম নিবন্ধন নম্বর দিয়ে) একাধিক ক্রীড়া বিভাগে পরীক্ষা দিতে পারবে। তবে প্রতিটি বিভাগের জন্য আলাদা ফি প্রদান করতে হবে।
৫. প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা ২১/১২/২০২৩ তারিখে বিকেএসপি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

১. প্রাথমিক ভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নিয়ে ০৩ থেকে ০৭দিনের চূড়ান্ত প্রশিক্ষণ ক্যাম্প আয়োজন করা হবে, যার ফলাফল বিকেএসপি'র ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
২. প্রশিক্ষণার্থীকে ক্যাম্পে যোগদানের দিনে ০২ (দুই) কপি রঙ্গিন ছবি (পাসপোর্ট সাইজ), অনলাইনে জন্মনিবন্ধন, পিইসি, জেএসসি/জেডিসি সনদের সত্যায়িত কপি আনতে হবে। সে ক্ষেত্রে প্রদত্ত তথ্যাদী ও সনদঅসত্য প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলেগণ্য করা হবে।
৩.প্রশিক্ষণ ক্যাম্পে স্ব-স্ব ক্রীড়া বিভাগের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।
৪. প্রার্থীকে যে শ্রেণিতে ভর্তির লক্ষ্যে প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়েছে তার পূর্ববর্তী শ্রেণির সিলেবাস অনুযায়ী লিখিত পরীক্ষা (বাংলা, ইংরেজি ও গণিত) গ্রহণ করা হবে। বিদ্যালয় পরীক্ষার ফলাফল প্রকাশিত না হয়ে থাকলে পরীক্ষায় কৃতকার্য হবে এই মর্মে প্রধান শিক্ষক কর্তৃক সনদ প্রদান করতে হবে।
৫. ক্রীড়া বিজ্ঞান সংক্রান্ত ব্যবহারিক ও চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণের সময় বয়স প্রমানের জন্য প্রয়োজনে প্রশিক্ষণার্থীকে হাড় পরীক্ষা (Bone Test) করতে হবে।

**বিশেষদ্রষ্টব্য:**
১. একজন প্রার্থী একটি ক্রীড়া বিভাগে শুধুমাত্র একবারই নিবন্ধন করতে পারবে। একই ক্রীড়া বিভাগে একাধিকবার নিবন্ধন করলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
২. কোন প্রার্থী যদি কোন কারণে নিজ বিভাগের কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারে, তাহলে সে অন্য কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে।
৩. বিশেষ কারণে ভর্তি কার্যক্রমের তারিখ ও সময় পরিবর্তনের ক্ষমতা বিকেএসপি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**বিকেএসপিতে যোগ্যতার ভিত্তিতে প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়। ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে আর্থিক লেনদেন অবৈধ কোন পন্থা অবলম্বন শাস্তিযোগ্য অপরাধ**

যোগাযোগের জন্য:
(সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০ টা)
০১৭১৩২৪৬০৪০, ০১৬০৭৫০৬২৬৬
E-mail: bksp1983@yahoo.com
Website: www.bksp.gov.bd

নিবন্ধন সমস্যা সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ: (সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০ টা)
০১৬৭২-০৯৩৩৪৬, ০১৭১৬-৬৬২৩৩৮

আনোয়ার সাদাত আবু মো: ফুয়াদ, পিএসসি
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক, বিকেএসপি।